

উপজেলা মৎস্য ও প্রাণিসম্পদ স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী

সভার স্থানঃ সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়, আড়াইহাজার, নারায়ণগঞ্জ।

সভার তারিখঃ ২৮/১০/২০২১ খ্রি।

সভার সময়ঃ সকাল ১১:০০ ঘটিকা।

সভাপতিঃ জনাব বার্না রহমান, ভাইস চেয়ারম্যান (মহিলা), উপজেলা পরিষদ, আড়াইহাজার, নারায়ণগঞ্জ।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের নাম পদবী স্বাক্ষর

ক্রমিক নং	সদস্যবৃন্দের নাম ও ঠিকানা	কমিটিতে অবস্থান	উপস্থিতি স্বাক্ষর
০১	জনাব বার্না রহমান ভাইস চেয়ারম্যান (মহিলা) উপজেলা পরিষদ, আড়াইহাজার, নারায়ণগঞ্জ।	সভাপতি	স্বাক্ষরিত
০২	জনাব ডাঃ সজল কুমার দাস উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, আড়াইহাজার, নারায়ণগঞ্জ।	সদস্য	"
০৩	জনাব সিরাজুল ইসলাম-চেয়ারম্যান বিশনন্দী ইউনিয়ন পরিষদ, আড়াইহাজার, নারায়ণগঞ্জ।	সদস্য	"
০৪	জনাব সফর আলী (বীর মুক্তিযোদ্ধা) সাবেক চেয়ারম্যান, মাহমুদপুর ইউনিয়ন পরিষদ।	সদস্য	"
০৫	জনাব জাকির হোসেন মোল্লা, বিশিষ্ট সমাজসেবক গোপালদী, আড়াইহাজার, নারায়ণগঞ্জ।	সদস্য	"
০৬	জনাব মামুন আর রশিদ, বিশিষ্ট সমাজসেবক আড়াইহাজার, নারায়ণগঞ্জ।	সদস্য	"
০৭	মাহমুদা আকতার সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, আড়াইহাজার, নারায়ণগঞ্জ।	সদস্য-সচিব	"

আলোচ্যসূচীঃ

১। সভার লক্ষ্য ও উদ্দেশ্য উপস্থাপন।

২। উপজেলা মৎস্য দপ্তরের সার্বিক কার্যক্রম সংক্রান্ত আলোচনা।

৩। বিবিধ।

অধ্যকার উপজেলা মৎস্য ও প্রাণিসম্পদ স্থায়ী কমিটির সভা জনাব বার্না রহমান, ভাইস চেয়ারম্যান (মহিলা), উপজেলা পরিষদ, আড়াইহাজার, নারায়ণগঞ্জ এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভাপতি উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা বলেন যে, ইলিশ সংরক্ষণ অভিযান উপলক্ষে ইলিশের প্রধান প্রজনন মৌসুমে সারাদেশে ০৪ অক্টোবর হতে ২৫ অক্টোবর (১৯ আশ্বিন হতে ০৯ কার্তিক বঙ্গাব্দ) মোট ২২ (বাইশ) দিন সরকার কর্তৃক সারা দেশে ইলিশ মাছ আহরণ, পরিবহন, ক্রয়-বিক্রয়, মজুদ, বাজারজাতকরণ, বিনিময় নিষিদ্ধ ছিল। ২০২১- ২২ অর্থ বছরে প্রধান প্রজনন মৌসুমে ইলিশ আহরণ নিষিদ্ধ সময়ে মানবিক সহায়তা - কর্মসূচির আওতায় ৪৫০ জন জেলে কার্ভারীদের মাঝে ২০ কেজি হারে চাউল দেয়া হয়। সে প্রেক্ষিতে মেঘনা নদীর তীরবর্তী ৩টি ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানদের দিকট থেকে জেলে কার্ভারীদের সংখ্যার আনুপাতিক হারে তালিকা (খাগকান্দা ইউনিয়ন ২৫০ জন, বিশনন্দী ইউনিয়ন ১০০ জন, কালাপাহাড়িয়া ইউনিয়ন ১০০ জন) দেওয়া হয়েছে। ৪৫০ জন জেলের ভিজিএফ চাল বিতরণ সুষ্ঠুভাবে সম্পন্ন হয়েছে।

এনএটিপি-২ প্রকল্পের আওতায় সিআইজি-ননসিআইজি মৎস্যচাষিদের মাছচাষে আধুনিক প্রযুক্তি বিষয়ক ০৪ টি ব্যাচের জন্য ৩৫ (পয়ত্রিশ) জন করে মোট ১৪০ জন মৎস্যচাষিকে প্রশিক্ষণ প্রদান করা হবে। এছাড়া জাতীয় কৃষি প্রযুক্তি প্রকল্প (এনএটিপি-২) প্রকল্পের আওতায় ০৯ টি ইউনিয়নে মোট ১৮ টি সিআইজিতে প্রদর্শনী বাস্তবায়ন করা হয়েছে। তিনি আরো জানান যে, প্রশিক্ষণ খাতে বরাদ্দ খুবই অপ্রতুল, উপজেলা পরিষদের বার্ষিক উন্নয়ন তহবিল (এডিপি) হতে প্রশিক্ষণের বরাদ্দ প্রদানের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে সভাপতি মহোদয়কে অনুরোধ